

গেজেট নং ৩৬ এ-১৯

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মে ৩, ১৯৮৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়

শাখা-৮

বিজ্ঞপ্তি

ঢাকা, ২রা মে, ১৯৮৭/১৮ই বৈশাখ, ১৩৯৪

নং এস, আর, ও ৭৯-এল/৮৭/প্রওজ৮/৪(৭)/৮৭—যেহেতু সরকার মনে করেন যে, বাংলাদেশ অয়েল, গ্যাস এন্ড মিনারেল করপোরেশনের অধীনস্থ সকল শ্রেণীর কর্মচারীর চাকুরী জনগণের জীবন যাত্রা নির্বাহে প্রয়োজনীয় ব্যবস্থাাদি অব্যাহত রাখার জন্য অত্যাবশ্যকীয় ;

সেহেতু Essential Services (Second) Ordinance, 1958 (E. P. Ord. XLI of 1958)-এর section 3(1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ঘোষণা করিতেছেন যে উক্ত বাংলাদেশ অয়েল, গ্যাস এন্ড মিনারেল করপোরেশনের অধীনস্থ সকল শ্রেণীর চাকুরীর ক্ষেত্রে Ordinance প্রযোজ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ, এম, সিরাজুল ইসলাম

উপ-সচিব।

(২২৩৩)

মূল্য : ৩০ পয়সা

শাখা-১০

বিবৃতি

ঢাকা, ওরা মে, ১৯৮৭/১৯ই বৈশাখ, ১৩৯৪

নং এস, আর, ও ৮০-এল/৮৭/শা-১০/নিম্ন-১৮/৮৭—Minimum Wages Ordinance, 1961 (XXXIX of 1961)-এর Section 3(1)-এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত Ordinance-এর Section 5 এ নির্ধারিত নিম্নতম মজুরী বোর্ডের কার্যাবলী সম্পাদনের উদ্দেশ্যে, নিম্নবর্ণিত ব্যক্তিগণকে সড়ক পরিবহন শিল্প প্রতিষ্ঠানের মালিক পক্ষ ও উক্ত প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিক পক্ষের প্রতিনিধিত্ব করার জন্য উক্ত বোর্ডের সদস্য নিয়োগ করিলেন, যথাঃ—

মালিক পক্ষের প্রতিনিধি

- (১) আলহাজ্ব এ. কে. জম্মদুল আবেদীন,
সভাপতি,
ঢাকা সড়ক পরিবহন সমিতি,
১৬/১২, আজম রোড,
মোহাম্মদপুর, ঢাকা।

শ্রমিক পক্ষের প্রতিনিধি

- (২) জনাব বেলায়েত হোসেন,
সাধারণ সম্পাদক,
বিলবী সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশন,
২৫, আফছার করিম রোড,
পূর্ব জুরাইন, ঢাকা।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মাইজুদ্দিন আহমদ

উপ-সচিব।